# মাধবপুর উপজেলা পরিষদের উপজেলা কমিটি সভার কার্যবিবরণী

## কমিটিঃ উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি।

সভাপতিঃ সুফিয়া আকতার হেলেন
ভাইস চেয়ারম্যান (মহিলা)
উপজেলা পরিষদ, মাধবপুর, হবিগঞ্জ।

তারিখঃ ০৭-১১-২০২১ ইং    সময়ঃ বিকাল ০৪.৩০ ঘটিকা

স্থানঃ সম্মেলন কক্ষ, উপজেলা পরিষদ, মাধবপুর, হবিগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যগণের নামঃ হাজিরা মোতাবেক।

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, মাধবপুর, হবিগঞ্জ। | সভাপতি | স্বাক্ষরিত |
| ০২ | চেয়ারম্যান, ৭নং জগদীশপুর ইউপি, মাধবপুর, হবিগঞ্জ। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | চেয়ারম্যান, ৬ নং শাহজাহানপুর ইউপি, মাধবপুর, হবিগঞ্জ। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, ৮ নং বুল্লা ইউপি, মাধবপুর, হবিগঞ্জ। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ ইসরাত জাহান ডলি, মহিলা সদস্য, উপজেলা পরিষদ, সংরক্ষিত আসন। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৬ | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য- সচিব | স্বাক্ষরিত |

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং সভাপতির অনুমতিক্রমে সদস্য- সচিব ও উপজেলা শিক্ষা অফিসার সভার কাজ শুরু করেন।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | উপজেলা শিক্ষা অফিসার সভাকে জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজনের জন্য জন্য ও বিভিন্ন অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদ হতে উপ-প্রকল্প প্রস্তাব প্রণয়ন ও প্রেরণের পত্র পাওয়া গেছে<br><br>বর্তমানে ম্যানেজিং কমিটির সদস্য ও প্রধান শিক্ষকদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে স্পষ্ট ধারণার অভাব এবং প্রধান শিক্ষক ও এসএমসি'র সভাপতির মধ্যকার বিভিন্ন বিষয়ে মতানৈক্য রয়েছে। এছাড়া প্রায় প্রতিটি বিদ্যালয়েই ছাত্র/ছাত্রীর তুলনায় বেঞ্চের সংখ্যা অপ্রতুল ফলে শিক্ষা কার্যক্রম ব্যহত হচ্ছে। সুষ্ঠ ও মান সম্মত শিক্ষার পরিবেশ সৃষ্টি করার লক্ষ্যে এবং চাহিদার উপর ভিত্তি করে দুটি উপ-প্রকল্প প্রস্তাব তিনি সভায় উপস্থাপন করেন।<br><br>প্রস্তাবিত উপ-প্রকল্পদুটি হলোঃ<br><br>১. সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও ম্যানেজিং কমিটির সদস্যদের দায়িত্ব ও কর্তব্য | উপস্থাপিত উপ-প্রকল্পটি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে উপজেলা উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক উপস্থাপিত উপ-প্রকল্প প্রস্তাবনাটি উপজেলা পরিষদ কার্যালয়ে এবং উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে প্রেরণের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, মাধবপুর, হবিগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| | বিষয়ক প্রশিক্ষণ ।<br>২. মাধবপুর উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের জন্য বেঞ্চ সরবরাহ ।<br><br>উক্ত উপ-প্রকল্পটি বাস্তবাত হলে নিম্নবর্ণিত ফলাফল পাওয়া যাবেঃ<br>• ম্যানেজিং কমিটির সদস্য ও প্রধান শিক্ষকগন তাদের উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পাবে ।<br>• শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ স্বল্পতা দূর হবে ।<br>• শিক্ষার্থীদের বসার সমস্যার সমাধান হবে ।<br>• বিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠ পরিবেশ বিরাজ করবে।<br>• শিক্ষার গুনগত মান বৃদ্ধি পাবে । | | |

সুফিয়া আকতার হেলেন
ভাইস চেয়ারম্যান (মহিলা)
উপজেলা পরিষদ, মাধবপুর, হবিগঞ্জ ।
ও
সভাপতি
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি উপজেলা পরিষদ,
মাধবপুর, হবিগঞ্জ ।

স্মারক নং- তারিখঃ ০৭-১১-২০২১ ইং

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ
১. উপ-পরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাধবপুর, হবিগঞ্জ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, মাধবপুর, হবিগঞ্জ।
৪. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাধবপুর, হবিগঞ্জ।
৫. সদস্য সচিব, উপজেলা প্রকল্প বাছাই কমিটি, মাধবপুর, হবিগঞ্জ।
৬. চেয়ারম্যান.........................................ইউপি, মাধবপুর, হবিগঞ্জ।
৭. অফিস কপি ।

উপজেলা শিক্ষা অফিসার,
মাধবপুর, হবিগঞ্জ ।
ও
সদস্য-সচিব।

## মাধবপুর উপজেলা পরিষদের উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা শীটঃ

তারিখঃ ০৭-১১-২০২১ ইং

সময়ঃ বিকাল ০৪.৩০ ঘটিকা

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, মাধবপুর, হবিগঞ্জ। | সভাপতি | |
| ০২ | চেয়ারম্যান, ৭নং জগদীশপুর ইউপি, মাধবপুর, হবিগঞ্জ। | সদস্য | |
| ০৩ | চেয়ারম্যান, ৬ নং শাহজাহানপুর ইউপি, মাধবপুর, হবিগঞ্জ। | সদস্য | |
| ০৪ | চেয়ারম্যান, ৮ নং বুল্লা ইউপি, মাধবপুর, হবিগঞ্জ। | সদস্য | |
| ০৫ | মোছাঃ ইসরাত জাহান ডলি, মহিলা সদস্য, উপজেলা পরিষদ, সংরক্ষিত আসন। | সদস্য | |
| ০৬ | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য- সচিব | |